# ২০২৩
# বাংলা
## (সাম্মানিক)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### ষষ্ঠ সেমেস্টার
### কোর্স কোড : BENG-H-CC-T-13
### (বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'চাঁদ বণিকের পালা' নাটকটির সবকটি অংশই কী নামে ছাপা হয়েছিল? ১৯৭৪ সালে পরবর্তী অংশই বা কী নামে প্রকাশিত হয়েছিল?

খ) 'চাঁদ বণিকের সব পরিচয়— যেন জলের আলপনা?' —বক্তা কে? কখন বলেছেন এ কথা?

গ) '—নামিয়ে নিয়ে এসো! এখনো পুড়ে শেষ হয়নি, এখনো জ্বলছে'— কে কেন কার সম্পর্কে এমন কথা বলেছে?

ঘ) চার বন্ধু শ্মশানে কেন এসেছিল? সেখানে এসে তারা কী কী কাজে ব্যস্ত হয়ে পড়েছিল?

ঙ) বিদুরথ কে? তাঁর স্ত্রী ও পুত্রের হত্যাসাধন কার দ্বারা সম্পন্ন হয়েছিল?

(পরের পাতায়)

চ) 'কারাগার' নাটকের তৃতীয় অঙ্কের স্বপ্ন দৃশ্যটির অবতারণার কারণ কী?

ছ) যদু বংশীয় শূরসেন কে ছিলেন? 'কারাগার' নাটকের কাহিনিতে তাঁর চরিত্রের কী ভূমিকা ছিল?

জ) 'চাঁদ বণিকের পালা' নাটকের দ্বিতীয় পর্বের কাহিনিতে কী কী ঘটনা প্রাধান্য পেয়েছে?

ঝ) 'ব্যাটা তুই ফেউয়ের দালাল' — 'চাঁদ বণিকের পালা' নাটকে কে কাকে এই কথা বলেছে?

ঞ) 'পাগলা ঘোড়া' নাটকে কোন্ সাহিত্যিকের কথা বলা হয়েছে? কোন্ প্রসঙ্গে এবং কেন সেই সাহিত্যিকের নাম উল্লেখিত হয়েছে?

ট) "কেউ যাব না স্বর্গে রাজা

নরক ভরা হাজার মজা"।

কোন্ নাটকের গান? গানটি কারা কোথায় গেয়েছিল?

ঠ) 'পাগলা ঘোড়া' নাটকটির রচনাস্থল কোথায়? কোন্ নাট্যগোষ্ঠী কার নির্দেশনায় নাটকটি প্রথম মঞ্চস্থ করে?

ড) 'চাঁদ বণিকের পালা' নাটকে তিনটি পর্বে মোট সংগীতের সংখ্যা কত? এর মধ্যে সবথেকে বেশি গান কার কণ্ঠে আছে?

ঢ) "তোমরাই আজ কংসের সৈন্য, তোমরাই কংসের গুপ্তচর..." —কে কাদের উদ্দেশে কেন এই কথা বলেছেন?

ণ) নাটকে অ্যারিষ্টটলের ত্রিভুজ কী?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'চাঁদ বণিকের পালা' নাটকে বেহুলা চরিত্রটি 'মনসামঙ্গল কাব্য' থেকে এই নাটকে কতটা নতুন রূপে নির্মিত হয়েছে?

খ) 'টাইপ চরিত্র একেবারে'—কে কার চরিত্রকে 'টাইপ' চরিত্র বলেছেন? এই কথা বলার অর্থ কী?

গ) 'কারাগার' নাটকে বসুদেব চরিত্রের মধ্যে দিয়ে নির্যাতিত যদু বংশের যে সংগ্রামী রূপটি ফুটে উঠেছে তা সংক্ষেপে দেখাও।

ঘ) 'বেঁচে থাকলে সবই সম্ভব'—এই উপলব্ধিটি কার? বক্তব্যটির তাৎপর্য বুঝিয়ে লেখো।

ঙ) "সমরের অর্থ হল অন্যায় সমর" —কোন্ নাটকের অংশ? এখানে কোন্ দুটি মহাকাব্যের উল্লেখ আছে? প্রসঙ্গসহ বিষয়টি বুঝিয়ে দাও।

চ) 'কারাগার' নাটকে নাট্যকার পার্শ্ব চরিত্র নির্মাণে কেমন ভাবনা অবলম্বন করেছিলেন তা সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'চাঁদ বণিকের পালা' নাটকের অন্যতম চরিত্র চাঁদ সদাগর এই নাটকে কীভাবে সম সময়ের অংশীদার হয়ে উঠেছেন তা আলোচনা করে দেখাও।

খ) 'পাগলা ঘোড়া' নাটকটির মধ্যে দিয়ে নাট্যকার যে বিশেষ নাট্যরীতির প্রয়োগ করেছেন তা নাটকে কতটা সফল হয়েছে?

গ) 'কংসের শেষ পরিণতি সুগভীর ট্রাজিক রস উদ্রেক করিয়াছে' — মন্তব্যটির সত্যতা নিরূপণ করো।

ঘ) 'কারাগার' নাটকের গানগুলি কাদের রচিত? এই নাটকে সংগীতের ব্যবহারের গুরুত্ব কতখানি?

———————